

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৩৪টি প্রতিষ্ঠানকে ২.৪৭ লক্ষ টাকা জরিমানা

৪ ডিসেম্বর ২০১৬ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়স্বাধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ১৩ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, বগুড়া, সিলেট, পঞ্চগড়, কুষ্টিয়া, বরিশাল, রাজশাহী, শেরপুর, খুলনা, রংপুর ও গোপালগঞ্জে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর মিরপুর এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে পুষ্প বেকারীকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রামের কোতয়ালী থানা এলাকায় ২টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের ডাবলমুরিং থানা এলাকায় ৩টি প্রতিষ্ঠানকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরিফুল ইসলামের নেতৃত্বে বগুড়া সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাজীর আলমের নেতৃত্বে সিলেটের গোলাপগঞ্জ উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ১৮,৫০০/- (আঠার হাজার পাঁচশত) টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান-আল মারুফের নেতৃত্বে পঞ্চগড়ের আটোয়ারী উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়া সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়াস নেতৃত্বে বরিশালের কোতয়ালী উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১৩,৫০০/- (তের হাজার পাঁচশত) টাকা, রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর বোয়ালিয়া থানা এলাকায় ২টি প্রতিষ্ঠানকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আরিফুল ইসলামের নেতৃত্বে শেরপুরের নকলা উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শিকদার শাহীনের আলমের নেতৃত্বে খুলনার দিঘলিয়া উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা, রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৩,০০০/- (তিন হাজার) টাকাসহ মোট ১,৪৫,০০০/- (এক লক্ষ পয়তাল্লিশ হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, পণ্যের মূল্যে তালিকা প্রদর্শন না করা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া প্রধান কার্যালয়ের উপ-পরিচালক শাহীন আরা মমতাজ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে আমেরিকান বার্গারকে ২,০০০/- (দুই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান করা হয়।

আজকের ১৪টি বাজার তদারকির মাধ্যমে ৩৪টি প্রতিষ্ঠানকে মোট ২,৪৭,০০০/- (দুই লক্ষ সাতচল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ১ জন অভিযোগকারীকে মং ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, সিভিল সার্জনের প্রতিনিধি, স্যানিটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আফরোজা রহমান)

সহকারী পরিচালক (কার্যক্রম)

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট ও রংপুর মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, বগুড়া, সিলেট, পঞ্চগড়, কুষ্টিয়া, বরিশাল, রাজশাহী, শেরপুর, খুলনা, রংপুর ও গোপালগঞ্জ।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, বগুড়া, সিলেট, পঞ্চগড়, কুষ্টিয়া, বরিশাল, রাজশাহী, শেরপুর, খুলনা, রংপুর ও গোপালগঞ্জ।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।